

# 'সভ্য ও অসভ্য' (ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর) / সপ্তম শ্রেণি

১. 'সভ্য ও অসভ্য' গদ্যাংশে তোমার কাছে অসভ্য বলে মনে হয়েছে কোন ব্যক্তিটিকে? কোনো একজন ব্যক্তিকে সভ্য হতে গেলে কী কী গুণ থাকা প্রয়োজন বলে তুমি মনে করো?

২. উন্নত দেশ, উন্নত পোশাক-পরিচ্ছদ, উন্নত শিক্ষা-দীক্ষা থাকলেই কি সভ্য হওয়া যায়? 'সভ্য ও অসভ্য' গল্পটি পড়ে তুমি এ বিষয়ে কী বুঝতে পারলে লেখো।

৩. "ইউরোপীয় মহাপুরুষ বলিলেন, ওরে পাপিষ্ঠ তুই আমার আলায় হইতে দূর হ...।" - 'পাপিষ্ঠ' শব্দটির অর্থ কী? গল্পের নিরিখে তুমি কাকে 'পাপিষ্ঠ' বলে মনে করবে এবং কেন মনে করবে তা কয়েক কথায় বুঝিয়ে দাও।

৪. কোনো এক গ্রীষ্মের দুপুরে তোমার বাড়ির দরজায় কোনো এক ভিক্ষুক ভীষণ খিদে তেষ্টায় কাতর হয়ে উপস্থিত হলেন। সে সময় তোমার কর্তব্য কী হবে তা কয়েক কথায় জানাও।